

## মনে রং লেগেছে ।

হারুন রশীদ আজাদ ।

সে-আমার আসবে ভেবে সং সেজেছি গোপনে ,  
হৃদয় দোলায় দোল লেগেছে গান মুখে তাই গুনগুণে ।  
আসবে ফাগুন ফুটবে ফুল,মৌমাছীদের গুঞ্জণে,  
শাড়ীর আঁচল উড়িয়ে আমি ,নচবো সেই কুঞ্জনে ।

হঠাৎ এসে ভালবেসে দুঃখ কেড়ে নিওনা,  
ছায়াতলে ছায়ারেখ ঝড় আসতে দিওনা ।  
এসো যদি কাঁদতে পার আমার গাওয়া গানে ,  
আস যদি যেওনা ফিরে কোন অভিমানে ।

হৃদয় কারা ভালবাসা দুঃখ ডেকে আনে,  
দুঃখ থাকে সাথে তাই ভালবাসার টানে ।  
থাক যদি পাশে তবু দুঃখকে- জয় করে,  
রেখ তবে পাশে তোমার চীর আপন ঘরে ।

গন্ধরাজ ফুলে তুমি সাজাবে মোর খোঁপা  
রাতের শাড়ী ঝুঁয়ে তুমি হবে আমার ধোঁপা ।  
জোৎস্না রাতে চাঁদের সাথে গানে কথা বলবো,  
সুখে দুঃখে সকল সময় পাশাপাশি চলবো ।